বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১০

তারিখঃ আশ্বিন ১৩, ১৪২৭
সেপ্টেম্বর ২৮, ২০২০

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতে**
**চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদানের লক্ষ্যে পুনঃঅর্থায়ন স্কীম প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এপ্রিল ২৬, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সূত্রোল্লিখিত সার্কুলারের নির্দেশনানুযায়ী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ তারিখঃ এপ্রিল ১৩, ২০২০ এর আওতায় তাদের বিতরণকৃত ঋণ/বিনিয়োগ স্থিতির সর্বোচ্চ ৫০% অর্থ পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্ত হবে। পাশাপাশি, উক্ত সার্কুলারের ০২(৯)(ক ও খ) এবং ০২(১৩)(ঘ) নং অনুচ্ছেদসমূহের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের নিকট পুনঃঅর্থায়নের আবেদন ও এতদ্সংক্রান্ত তথ্য প্রেরণ সংক্রান্ত নির্দেশনাও প্রদান করা হয়।

০৩। এক্ষণে, আলোচ্য স্কীমের আওতায় ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের অনুকূলে প্রদেয় পুনঃঅর্থায়ন সুবিধা অধিকতর গতিশীল ও সহজীকরণের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ
ক) সূত্রোল্লিখিত সার্কুলার এর অনুচ্ছেদ নং-০২, ০২(৬) এবং ০২(৯)(ক) এ বর্ণিত "বিতরণকৃত ঋণ/বিনিয়োগ **স্থিতির** সর্বোচ্চ ৫০%" শব্দাবলীর পরিবর্তে "মঞ্জুরীকৃত ঋণ/বিনিয়োগ **সীমার** সর্বোচ্চ ৫০%" শব্দাবলী প্রতিস্থাপিত হবে; এবং
খ) উক্ত একই সার্কুলারের অনুচ্ছেদ নং-০২(৯)(ক ও খ) এবং ০২(১৩)(ঘ) এ বর্ণিত সংযোজনী যথাক্রমে ক, খ ও গ সংশোধিত সংযোজনী- ক ও খ দ্বারা প্রতিস্থাপিত হবে ।

০৪। এতদ্ব্যতীত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(হুসনে আরা শিখা)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২

<u>সংশোধিত সংযোজনী-ক</u>

## অর্থায়নকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পুনঃঅর্থায়ন আবেদনের নমুনা

সূত্রঃ -----------------                                                    তারিখঃ------------

মহাব্যবস্থাপক
এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

**<u>এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০২০ এর আওতায় পুনঃঅর্থায়ন প্রাপ্তির আবেদন।</u>**

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ১৩ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ এর আওতায় --/২০** (মাসের নাম) এ মোট ----টি ঋণ/বিনিয়োগের বিপরীতে আমাদের ব্যাংক কর্তৃক মোট----------- টাকা চলতি মূলধন ঋণ/বিনিয়োগ মঞ্জুর করা হয়েছে। ঋণ/বিনিয়োগ মঞ্জুর করার ক্ষেত্রে উক্ত সার্কুলারে উল্লিখিত সকল নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। উক্ত মঞ্জুরীকৃত চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সীমার বিপরীতে ২৬ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০২০ এ বর্ণিত স্কিম হতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে মঞ্জুরীকৃত ঋণ/বিনিয়োগ সংক্রান্ত তথ্য (সংযোজনী-খ) এতদসঙ্গে দাখিল করা হলো।

এমতাবস্থায়, এসএমইএসপিডি সার্কুলার নং-০২/২০২০ এ বর্ণিত পুনঃঅর্থায়ন স্কিম হতে অত্র ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের অনুকূলে সংযোজনী-খ এ উল্লেখিত মোট ------------------টাকা (কথায়-------------------------) পুনঃঅর্থায়ন প্রদান করার জন্য আপনাদের অনুরোধ জানানো হলো।

আপনাদের বিশ্বস্ত,

(---------------------------)
ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী/
বিদেশী ব্যাংকের ক্ষেত্রে বাংলাদেশ
অপারেশনের প্রধান
ফোন নং:

**Monthly refinance statement under CMSME stimulus package**

**Amended Annexure-Kha**

| | |
|---|---|
| Name of Participating Bank/FI: | |
| Reporting Month: | |
| Reporting Year: | |
| Total Disbursement Limit set by BB : | |
| Maximum Refinance Limit : | |
| Total Refinance received from Bangladesh Bank under this package up to the reporting month : | |

*****All Amounts in actual BDT***

| | | Borrower Details | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Sl # | Enterprise Name | Full Name | Contact Phone number | NID No. | District | Sector | subsector | Enterprise Ownership Structure | OwnerShip by Gender | Type of SME | # of Trade License/Registraion from RJSC | No of Women Employee in the enterprise | No of Men Employee in the enterprise | Enterprise type | Loan ID (PFIs' Custromer ID/Acc no) | Sanctioned limit | Total Disbursement | Reporting Month end Outstanding excluding interest | Bank Branch Name | Claim Amount for Refinance to BB | Remarks (If any) |
| **1** | **2** | **3** | **4** | **5** | **6** | **7** | **8** | **9** | **10** | **11** | **12** | **13** | **14** | **15** | **16** | **17** | **18** | **19** | **20** | **21** | **22** |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |

| | |
|---|---|
| Signature of the responsible officer | |
| Name : | |
| Designation : | |
| ID number : | |
| Contact No. : | |
| Office phone : | |
| Cell : | |
| Email : | |